

বিনামূল্যে সহায়তা উপলভ্য



- ফর্ম 1095-A, প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিট, বা সঠিক দ্বিতীয় সর্বনিম্ন মূল্যের সিলভার প্ল্যান (SLCSP) সম্পর্কে আরও তথ্যের জন্য, **কমিউনিটি হেলথ অ্যাডভোকেটদের** 1-888-614-5400 নম্বরে কল করুন
- NY State of Health-এ কল করে একটি সংশোধিত ফর্ম বা প্রতিস্থাপন ফর্ম পান: 1-855-766-7860.
- কর সম্পর্কিত প্রশ্নের জন্য, অনুগ্রহ করে আপনার কর উপদেষ্টার সাথে পরামর্শ করুন, অথবা **IRS** -এর সাথে www.irs.gov-এতে যোগাযোগ করুন।

আরও তথ্য খুঁজে পাওয়া যেতে পারে:

- <http://info.nystateofhealth.ny.gov/TaxCredits>
- IRS -এতে www.irs.gov
- কর প্রস্তুতকারী
- <https://irs.treasury.gov/freetaxprep/>

NY State of Health প্রযোজ্য ফেডারেল নাগরিক অধিকার এবং স্টেটের আইন মেনে চলে এবং জাতি, বর্ণ, জাতীয় মূল, ধর্মবিশ্বাস/ধর্ম, লিঙ্গ, বয়স, বৈবাহিক/পারিবারিক অবস্থা, অক্ষমতা, গ্রেপ্তারির রেকর্ড, অপরাধের জন্য দোষী সাব্যস্ত, লিঙ্গ পরিচয়, যৌন প্রবৃত্তি, পূর্বনির্ধারিত জিনগত বৈশিষ্ট্য, সামরিক পদমর্যাদা, গার্হস্থ্য সহিংসতার শিকার এবং/অথবা প্রতিশোধের ভিত্তিতে বৈষম্যতা করে না।

আমাদের পরিষেবা বিনামূল্যের।
আমরা বিভিন্ন ভাষায় কথা বলি।

2024 এর জন্য গুরুত্বপূর্ণ তথ্য

2021 সালের মার্চ মাসে প্রণীত আমেরিকান রেসকিউ প্ল্যানের অধীনে, বিদ্যমান থাকা নিউ ইয়র্ক স্টেট অফ হেলথ-এ নথিভুক্তরা বড় ট্যাক্স ক্রেডিট পেয়েছেন এবং উচ্চ আয়ের নিউ ইয়র্কবাসীরা প্রথমবারের মতো এপিটিসি (APTC)-এর জন্য যোগ্য হয়ে উঠেছেন। 2022 সালের আগস্টে প্রণীত মুদ্রাস্ফীতি হ্রাস আইন, এই বর্ধিত আর্থিক সহায়তা 2025 সালের শেষ পর্যন্ত বাড়িয়েছে।

আপনি যদি এই বছর আপনার QHP প্রিমিয়াম কমানোর জন্য APTC পেয়ে থাকেন, তাহলে আগামী বছরও QHP প্রিমিয়াম কমাতে APTC পাওয়ার জন্য, আপনাকে অবশ্যই:

- আপনার ফেডারেল ট্যাক্স রিটার্ন ফাইল করতে হবে
- আপনার ফেডারেল ট্যাক্স রিটার্ন ফাইল সহ ফর্ম 8962 ফাইল করতে হবে

*APTC-এ বাধা প্রতিরোধে সাহায্য করার জন্য, আপনার ফেডারেল ট্যাক্স রিটার্ন সঠিকভাবে এবং সময়মতো ফাইল করা গুরুত্বপূর্ণ।

2025 এর জন্য আপনার স্বাস্থ্য বীমা বিকল্প সম্পর্কে জানুন।

- NY State of Health:
অনলাইনে: nystateofhealth.ny.gov
ফোনে: 1-855-355-5777
- কমিউনিটি সার্ভিস সোসাইটিফোনে বা ব্যক্তিগতভাবে বিনামূল্যে সহায়তার জন্য কমিউনিটি সার্ভিস সোসাইটিকে 1-888-614-5400 নম্বরে কল করুন।

আপনার 1095-A
ফর্ম সম্পর্কে
আপনার কি
কোন প্রশ্ন আছে?

আমরা আপনাকে
সাহায্য করতে পারি!



IRS ফর্ম 1095-A কীভাবে ব্যবহার করতে হয় তা বোঝা

এই ফর্মটি ডাকযোগে আসবে এবং যদি আপনি 2024 সালে একটি মার্কেটপ্লেস প্ল্যানে নথিভুক্ত হন, তবে এটি আপনার নিউ ইয়র্ক স্টেট অফ হেলথ অ্যাকাউন্টে পোস্ট করা হবে।*

এই ফর্মটিকে সঙ্গে রেখে দিন এবং এটির সঙ্গে আসা নির্দেশাবলী পড়ুন।

আপনার ট্যাক্স সম্পূর্ণ করতে এই ফর্মটির ব্যবহার করুন।

Form **1095-A** Health Insurance Marketplace Statement VOID CORRECTED **2024**
Department of the Treasury Internal Revenue Service Do not attach to your tax return. Keep for your records. Go to www.irs.gov/Form1095A for instructions and the latest information.

Part I Recipient information

1. Marketplace identifier	2. Marketplace-assigned policy number	3. Policy issuer's name
4. Recipient's name	5. Recipient's SSN	6. Recipient's date of birth
7. Recipient's spouse's name	8. Recipient's spouse's SSN	9. Recipient's spouse's date of birth
10. Policy start date	11. Policy termination date	12. Street address (including apartment no.)
13. City or town	14. State or province	15. County and ZIP or foreign postal code

Part II Covered individuals

A. Covered individual name	B. Covered individual SSN	C. Covered individual date of birth	D. Coverage start date	E. Coverage termination date
16.				
17.				
18.				
19.				
20.				

Part III Coverage information

Month	A. Monthly enrollment premium	B. Monthly second lowest cost silver plan (SLCSP) premium	C. Monthly advance payment of premium tax credit
21. January			
22. February			
23. March			
24. April			
25. May			
26. June			
27. July			
28. August			
29. September			
30. October			
31. November			
32. December			

33. Annual Totals For Privacy Act and Paperwork Reduction Act Notice, see separate instructions. Cat No. 691002 Form 1095-A (2024)

*দ্রষ্টব্য: যে সকল মানুষদের বিপর্যয়মূলক প্ল্যান রয়েছে তারা এই ফর্মটি পাবে না।

কিভাবে NY State of Health থেকে আপনার 1095-A ফর্ম ব্যবহার করতে হয়

আপনি কি এক বা একাধিক মাসের
জন্য APTC ব্যবহার করেছেন?

ব্যবহার করে থাকলে, আপনি যে পরিমাণ অর্থ
ব্যবহার করেছেন তা আপনার আনুমানিক
আয়ের উপর ভিত্তি করে তৈরি করা হয়েছিল।
আপনার প্রকৃত আয়ের ভিত্তিতে আপনি যে
পরিমাণ ব্যবহারের জন্য যোগ্য ছিলেন তার
সঙ্গে আপনার ট্যাক্স ক্রেডিটের সামঞ্জস্যবিধান
করতে হবে।

আপনি কি এক বা একাধিক মাসের
আপনার প্ল্যানের সম্পূর্ণ খরচ
পেমেন্ট করেছেন?

যদি আপনার প্রকৃত আয় আপনার আনুমানিক
আয়ের থেকে কম হয়, তবুও আপনি প্রিমিয়াম
ট্যাক্স ক্রেডিট দাবি করতে সক্ষম হতে পারেন,
এমনকি আপনি যদি সেটির আবেদন নাও করে
থাকেন, ব্যবহার নাও করে থাকেন বা আপনি
নথিভুক্ত হওয়ার সময় আর্থিক সাহায্যের জন্য
যোগ্য নাও হয়ে থাকেন তাহলেও।

কীভাবে প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিটের
সামঞ্জস্য বিধান/দাবি করতে হয়
ধাপ 1: NY State of Health আপনাকে ফর্ম
1095-A পাঠাবে।

ধাপ 2: IRS ফর্ম 8962 সম্পূর্ণ করতে ফর্ম 1095-A
ব্যবহার করুন। আপনার যদি প্রতি
মাসে APTC-এতে নথিভুক্ত থাকেন,
তাহলে আপনার ফর্ম 1095-A আপনার
জন্য সম্পূর্ণরূপে সম্পন্ন করা হয়েছে।
আপনি যদি ট্যাক্স ক্রেডিট ছাড়া নথিভুক্ত
থাকেন, তাহলে আপনাকে প্রতি
মাসে দ্বিতীয় সর্বনিম্ন খরচের সিলভার
প্ল্যান (Second Lowest Cost Silver Plan,
SLCSP)-এর প্রিমিয়াম চিহ্নিত করতে
হবে যাতে আপনি কোনো ট্যাক্স ক্রেডিট
ছাড়াই নথিভুক্ত।

ধাপ 3: 1040 সিরিজ এবং ফর্ম 8962 থেকে
যথাযথ ফর্ম ব্যবহার করে আপনার
ফেডারেল ট্যাক্স রিটার্ন ফাইল করুন।

সহায়তা প্রয়োজন?

সংস্থানগুলি বিভিন্ন ভাষাতে উপলব্ধ রয়েছে:

<http://www.info.nystateofhealth.ny.gov/TaxCredits>

ফর্ম 1095-A বা প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিট সম্পর্কে সাধারণ তথ্য পেতে
কমিউনিটি হেলথ অ্যাডভোকেটদের 1-888-614-5400 নম্বরে কল করুন।

একটি সংশোধিত ফর্ম বা প্রতিস্থাপন ফর্ম পেতে NY State of Health 1-855-766-7860 নম্বরে
কল করুন।